

সমুদ্রসীমা সরকারি গেজেটে প্রকাশের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

## এ বছর সরকারি ব্যবস্থাপনায় হজ খরচ ৩ লাখ ৩ হাজার টাকার বেশি

ইনকিলাব ডেস্ক

মন্ত্রিসভা এ বছরে পবিত্র হজ পালনে প্রত্যেক হাজীর জন্য ৩ লাখ ৩ হাজার ৪শ' ৪০ টাকা খরচ নির্ধারণ করে হজ প্যাকেজ-২০১২-এর খসড়া অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল তাঁর সচিবালয়স্থ কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব এম মোশাররফ হোসেন ভূইয়া বৈঠক শেষে সাংবাদিকদের বলেন, এ বছর মোট ১ লাখ ২০ হাজার লোক হজ করার সুযোগ পাবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১০ হাজার এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১ লাখ ১০ হাজার জন হজ করার সুযোগ পাবেন। তিনি বলেন, নির্ধারিত টাকার মধ্যে বিমানভাড়া, সউদী আরবে বাসাভাড়া, মোয়াল্লেমের ফি ও অন্যান্য ব্যয় ধরা হয়েছে। তবে হাজীরা নিজ খরচে কোরবানি দেবেন। তিনি আরো জানান, প্রত্যেক হাজী কোরবানির জন্য ৪শ' ৫০ সউদী রিয়ালের সমমূল্যের ৯ হাজার ৪শ' ৫০ টাকা নিতে পারবেন। মার্কিন ডলার এবং সউদী রিয়ালের বিপরীতে টাকার মূল্যমান কমে যাওয়ায় এ বছর হজ পালনের খরচ ২৮ হাজার ৫৮৫ টাকা বেড়ে গেছে।

এছাড়া সরকার এ বছর খাদ্য প্যাকেজে অতিরিক্ত ১৮ হাজার ৩৭৫ টাকা যুক্ত করেছে। তবে সউদী আরবের উদ্দেশে যাত্রা করার আগে এই টাকার সমমূল্যের রিয়াল হাজীদের ফিরিয়ে দেয়া হবে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, বেসরকারি হজ এজেন্সি তাদের নিজস্ব নিয়মে ব্যয় নির্ধারণ করবে। তবে তারা দু'টি হজ প্যাকেজের বেশি ঘোষণা করতে পারবে না। আর তাদের প্যাকেজ সরকারি প্যাকেজের চেয়ে কমও হতে পারবে না। একটি বেসরকারি এজেন্সিকে অবশ্যই তাদের সকল হাজীকে মক্কায় একই বাড়ি অথবা হোটেলে রাখতে হবে। তিনি আরো জানান, হজ এজেন্সিকে হাজীদের কাছ থেকে টাকা নেয়ার বিস্তারিত সরকারকে জানাতে হবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ অক্টোবর এ বছর পবিত্র হজ পালিত হবে।

মন্ত্রিসভা এদিন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় সংশোধন আইন ২০১২-এর খসড়া এবং পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসরগ্রহণ) (বিশেষ বিধান) আইন ২০১২-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। মন্ত্রিপরিষদ সচিব এম মোশাররফ হোসেন ভূইয়া বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন ২০১২-এ প্রো-ভাইস চ্যান্সেলর, বিভিন্ন ফ্যাকাল্টির ডিন, সিন্ডিকেট ও একাডেমিক কমিটি এবং অর্থ কমিটি গঠনের বিধান রাখা হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, আইনে নার্সিং-এ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদানে বিশ্ববিদ্যালয়কে ক্ষমতা দেয়া হয়েছে। জনাব ভূইয়া আরো বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসরগ্রহণ) (বিশেষ বিধান) আইনে একমাত্র এশিয়ান বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল ব্যতীত সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসর বয়স ৬৫ বছর করা হয়েছে। মন্ত্রিসভা বাংলাদেশ-মায়ানমারের মধ্যকার সমুদ্রসীমা বিরোধ মীমাংসার জন্য আন্তর্জাতিক ট্রাইব্যুনালের এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সমুদ্রসীমা সরকারি গেজেটে প্রকাশ করার প্রস্তাব অনুমোদন করেছে। সূত্র : বাসস

XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX